

## অর্ধ-বার্ষিক পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ০১/২০২১

শ্রেণি: একাদশ

বিষয়: বাংলা ১ম পত্র (সৃজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণমান: ২০

১. বিয়ের পর থেকে যৌতুকের জন্য অনন্যার উপর নানান নির্যাতন চালায় ওর শ্বশুর-শাশুড়ি। ওর স্বামী অনন্ত সবকিছু জানার পরেও কোনো প্রতিবাদ করে না। এক পর্যায়ে স্বামীর সংসার ছেড়ে অনন্যা চলে যায় তার বাবার বাড়ি। অনন্ত শ্বশুরবাড়িতে গিয়ে শত কাকুতি মিনতি করলেও অনন্যা তার স্বামীর বাড়িতে ফিরে আসে না।

- ক) ফল্লু নদী ভারতের কোন অঞ্চলে অবস্থিত? ১  
 খ) “কিঙ্ক ভাগ্য আমার ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি” - ব্যাখ্যা করো। ২  
 গ) উদ্দীপকের অনন্তের সাথে ‘অপরিচিতা’ গল্পের অনুপমের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩  
 ঘ) “প্রতিবাদী হলে উদ্দীপকের অনন্ত আর ‘অপরিচিতা’ গল্পের অনুপম উভয়েরই জীবন অন্যরকম হতো।” ৪  
 - বিশ্লেষণ করো।

২. “মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,  
 মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।  
 এই সূর্যকরে, এই পুষ্পিত কাননে  
 জীবন্ত হৃদয়-মাঝে যদি স্থান পাই!

- ক) ‘সোনার তরী’ কবিতায় কৃষকের ছোট খেতের চারিদিকে কী খেলা করছে? ১  
 খ) “কূলে একা বসে আছি নাহি ভরসা” - ব্যাখ্যা করো। ২  
 গ) উদ্দীপকের সঙ্গে ‘সোনার তরী’ কবিতার বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩  
 ঘ) “উদ্দীপকটি ‘সোনার তরী’ কবিতার মূলভাবকে অনেকাংশে ধারণ করে আছে।” - উদ্দীপক ও সোনার তরী কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪